



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৩৬৪

তারিখঃ ০৫/০৬/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৩৫ তম কমিশন সভা অদ্য ০৫/০৬/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

1. Eastern Cables Limited (Issuer) এর জুন ৩০, ২০১১ইং বৎসরে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীকে কমিশন ১ লক্ষ টাকা জরিমানা ধার্য করেছে।
2. Maq Enterprise Limited (Issuer) এবং Metalex Corporation Limited (Issuer) এর জুন ৩০, ২০১০ইং বৎসরে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানী দুইটির প্রত্যেক পরিচালককে কমিশন ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করেছে।
3. Margin Rules, 1999 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ সংক্রান্ত আইন ভঙ্গ করে একজন বিনিয়োগকারীকে বেআইনী সুবিধা দেওয়ায় NBL Securities Limited কে ১০ লক্ষ টাকা জরিমানা ধার্য করা হয়েছে।
8. Arian Chemicals Limited কে ১,৭০,০০,০০০ টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে টাঃ ১৭,০০,০০,০০০/- মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে। উল্লেখ্য, কোম্পানীর বর্তমান শেয়ার হোল্ডারগণ এবং ব্যক্তি/প্রতিষ্ঠান এই শেয়ার ক্রয় করতে পারবে।
৫. Envoy Textiles Limited এর ১০ টাকা মূল্যমানের ৩০০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ২০ টাকা প্রিমিয়ামসহ ৩০ টাকায় ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ৯০,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে মেশিনারিজ ক্রয়, চলতি মূলধন (Working Capital) এবং প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর খরচ খাতে ব্যয় করবে। ২০১০-২০১১ সনের নিরীক্ষিত হিসাব অনুযায়ী Envoy Textiles Limited এর বেসিক শেয়ার প্রতি আয় ৪.৪২ টাকা। উল্লেখ্য, লংকাবাংলা ইনভেস্টমেন্টস লিঃ এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ Envoy Textiles Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।


০৫/০৬/২০১২
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র